**ANNEX ‘A’ T0**
**TEN NO-277.07.022.24**
**DATED        AUG 24**

# SPECIFICATIONS OF BED SHEET DOUBLE O/A

## SPEC OF SHEET  COTTON DOUBLE O/A

| | | | |
|---|---|---|---|
| ১। | উপাদান | ঃ | ১০০% কটন |
| ২। | দৈর্ঘ্য | ঃ | ২৫৫ সেঃ মিঃ ± ৫ সেঃ মিঃ |
| ৩। | প্রস্থ | ঃ | ২২৫ সেঃ মিঃ ± ৫ সেঃ মিঃ |
| ৪। | প্রতি ২.৫৪ সেঃমিঃ সুতার সংখ্যা | ঃ | টানা ১২০ ± ৫<br>বানা ৭৬ ± ৫ |
| ৫। | কাউন্ট অব ইয়ার্ন | ঃ | টানা ৩২ এস ± ১<br>বানা ৩২ এস ± ১ |
| ৬। | ভঙ্গুর ক্ষমতা | ঃ | টানা ১৬০ ± ২০ কেজি<br>বানা ১০০ ± ১০ কেজি |
| ৭। | বুনন পদ্ধতি | ঃ | প্লেইন/টুইল |
| ৮। | Type of Dye | ঃ | Pigment/Reactive |
| ৯। | স্যালভেজ | ঃ | দুই পাশে স্যালভেজ এবং মাথা ও পায়ের দিকে বাইন্ডিং (Folding) |
| ১০। | মুড়ির প্রস্থ | ঃ | ১.৫ সেঃ মিঃ |

১১। মুড়ির প্রতি ২.৫৪ সেঃ মিঃ সেলাই এর সংখ্যা কমপক্ষে ৮/৯টি হইতে হইবে ।

| | | | |
|---|---|---|---|
| ১২। | সংকোচনের হার | ঃ | টানা ১.০০% (সর্বোচ্চ)<br>বানা ১.০০% (সর্বোচ্চ) |
| ১৩। | প্রতি বর্গ মিটারের ওজন | ঃ | ১৫৫ গ্রাম ± ৫ গ্রাম |
| ১৪। | চাদরের মোট ওজন | ঃ | ৮৬০ গ্রাম ± ২০ গ্রাম |
| ১৫। | পিএইচ টেস্ট (এএটিসিসি ৮১-২০১৬) | ঃ | ৫.০০ - ৭.৫০ |

১৬। **রং এর স্থায়িত্বতা (Grey Scale rating) ঃ**

| | | | |
|---|---|---|---|
| a. | Washing Test No-2 | : | Grade 4-5 |
| b. | Washing Test No-4 | : | Grade 4-5 |
| c. | Hot pressing in dry condition | : | Grade 4-5 |
| d. | Hot pressing in damp condition | : | Grade 4-5 |
| e. | Hot Pressing Wet Condition | : | Grade 4-5 |
| f. | Sun-light Test | : | Grade 4-5 |

১৭। **Pilling Resistance Test** : Pro View Grading: 4-5
Max No of Rub 7000 (ISO 12945-2)    (4- Slight Piling & 5-No Piling)

১৮। **Abrasion Test :**

| Ser No | Test Name | Test Method | Limit |
|---|---|---|---|
| a. | Abrasion Resistance | ISO 12947-2 | No thraed can be broken up to 25000 rubs |
| b. | Mass Loss Percentage | ISO 12947-3 | Max 2% up to 20000 rubs for palin fabric |

১৯। **Perspiration Test** : a. Acidic Grade:4-5
b. Alkaline Grade: 4-5

**SPEC OF PILLOW SLIP O/A**

| | | | |
|---|---|---|---|
| ১। | মূল উপাদান | ঃ | বেডশীট এর কাপড় অনুরুপ হতে হবে। |
| ২। | মোট দৈর্ঘ্য | ঃ | ৮০ সেঃ মিঃ ± ৫ সেঃ মিঃ |
| ৩। | দৈর্ঘ্য ঝালর ছাড়া | ঃ | ৭০ সেঃ মিঃ ± ৫ সেঃ মিঃ |
| ৪। | মোট প্রস্থ | ঃ | ৫৫ সেঃ মিঃ ± ৫ সেঃ মিঃ |
| ৫। | প্রস্থ ঝালর ছাড়া | ঃ | ৪৫ সেঃ মিঃ ± ৫ সেঃ মিঃ |
| ৬। | চতুর্পাশের কিনারার ভাজ (ঝালর) | ঃ | ১০ সেঃ মিঃ ± ০.৫০ সেঃ মিঃ (ডবল ফোল্ডিং) |

**ANNEX 'B' T0**
**TEN NO-277.07.022.24**
**DATED AUG 24**

**SHEET COTTON DOUBLE WITH 02 X PILLOW SLIP OA সরবরাহের শর্তাবলী**

১। দরপত্রের সাথে ২১ সেট (sample A - ৭ সেট, sample B ৭ সেট এবং sample C ৭ সেট) বেড সীট (ইন্ডেন্ট নমুনার অনুরূপ) দরদাতার নমুনা হিসাবে জমা দিতে হবে। বিমান বাহিনীর ল্যাবে পরীক্ষিত টেষ্ট রিপোর্ট এবং বিনির্দেশের উপর ভিত্তি করে দরদাতার নমুনা গ্রহণযোগ্য কিনা তা নির্ধারন করা হবে। তবে, কোন নমুনা বাহ্যিক যাচাই/বাছাইয়ে উন্নত মানের পরিলক্ষিত না হলে ল্যাব টেষ্ট ব্যতিরেকেই উক্ত নমুনা বাতিল/প্রত্যাখ্যান করা যাবে। **নমুনা বিহীন দরপ্রস্তাব বাতিল বলে গন্য করা হবে।**

২। দরদাতার দাখিলকৃত নমুনা এবং (চুক্তি হলে) পরবর্তীতে সরবরাহকৃত দ্রব্য সদ্য প্রস্তুতকৃত, চুক্তি/ইন্ডেন্ট বিনির্দেশ অনুযায়ী উৎপাদিত, ত্রুটিমুক্ত ও নিখুঁত (feel, finish ইত্যাদি) হতে হবে।

৩। ইন্ডেন্টের বিনির্দেশের বিপরীতে দরদাতার দাখিলকৃত নমুনার বিনির্দেশ উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট বিনির্দেশের বিপরীতে Complied/Not Complied এর পরিবর্তে গাণিতিক সংখ্যা, তথ্য ইত্যাদি উল্লেখ করতে হবে।

৪। দরপত্রের সাথে দাখিলকৃত নমুনা বিমান বাহিনী কর্তৃক গ্রহণযোগ্য হলে তাই চুক্তির অনুমোদিত নমুনা হিসেবে গন্য হবে এবং উক্ত নমুনা ও চুক্তির (নমুনার) বিনির্দেশ অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে।

৫। **দরদাতা উৎপাদনকারী প্রতিষ্ঠান (Manufacturer) না হলে দরপ্রস্তাবের সহিত উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে Manufacturer's certificate এবং দ্রব্য সরবরাহের নিশ্চয়তা পত্র সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপ্রস্তাব বাতিল বলে গন্য করা হবে।**

৬। দ্রব্য প্রস্তুতকারী সংস্থা ও দেশের নাম দরপত্রে উল্লেখ করতে হবে।

৭। সরবরাহকারী প্রতিষ্ঠানকে চুক্তির অনুকূলে মালামাল উৎপাদনের কমপক্ষে ১৫ দিন পূর্বে বিমান সদর, সি কিউ সি ইউনিট বা বি বা ও ২০১ এম ইউ বা বি বাকে অবহিত করতে হবে। মালামাল উৎপাদনের সময় বিমান সদর, সি কিউ সি ইউনিট বা বি বা ও ২০১ এম ইউ বা বি বা এর প্রতিনিধিগণ মালামাল উৎপাদন পর্যবেক্ষনের জন্য মিল/ফ্যাক্টরী পরিদর্শন (Visit) করবেন।

৮। অনিবার্য কারণবশত: চুক্তি সম্পাদন বিলম্বিত হওয়ার কারণে দ্রব্য সরবরাহের সময়সীমা বর্তমান অর্থ বছর অতিক্রম করলে চুক্তিপত্রের মেয়াদ ০২ বৎসর (২০২৩-২৪ এবং ২০২৪-২৫) বলবৎ রাখার ব্যবস্থা করা হবে।

০৯। প্রতি সেট Sheet cotton double with 02 x pillow slip OA যথোপযুক্ত প্যাকেটে সরবরাহ করিতে হইবে। প্রতি সেট Sheet cotton double with 02 x pillow slip OA এর যথোপযুক্ত স্থানে সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম ও সাইজ এ্যাম্বুস প্রিন্টেট (অমোছনীয়) থাকিতে হইবে। চুক্তিকৃত বেডসীট ভাল মানের কার্টুনে (কার্টুন সাইজ L- 16" X W- 18" X H- 16" or L- 32" X W- 18" X H- 16") প্যাকিং করিয়া সরবরাহ করিতে হইবে

১০। <u>দ্রব্যাদি সরবরাহের তফসিল</u>। চুক্তিকৃত দ্রব্যাদি চুক্তিপত্র স্বাক্ষরের ০৩ (তিন) মাসের মধ্যে সরবরাহ করতে হবে।

১১। সরবরাহকারীর উদ্ধৃত মূল্য/চুক্তিকৃত মূল্য বর্তমান বাজার মূল্যের চেয়ে বেশী পরিলক্ষিত হলে অথবা নিদিষ্ট সময় সীমার মধ্যে সরবরাহকারী দ্রব্য সরবরাহে ব্যর্থ হলে, ক্রেতা অন্যান্য উৎস হতে চুক্তিকৃত দ্রব্য risk purchase হিসেবে ক্রয় করার অধিকার সংরক্ষণ করবে। সেক্ষেত্রে, অতিরিক্ত মূল্য চুক্তির মোট মূল্য হতে অথবা চুক্তির অনুকূলে প্রদানকৃত নিরাপত্তা জামানত হতে সমন্বয় করা হবে।

১২। <u>দ্রব্যাদি সরবরাহের স্থান</u>। সরবরাহকারীকে নিজ দায়িত্বে ও খরচে চুক্তিকৃত মালামাল ২০১ র ই বা বি বা, কুর্মিটোলা, ঢাকায় সরবরাহ করতে হবে।

১৩। <u>দ্রব্যাদি পরিদর্শন স্থান</u>। মালামালের পরিদর্শন ২০১ র ই বা বি বা, কুর্মিটোলা, ঢাকায় সি কিউ সি ইউনিট বা বি বা কর্তৃক সম্পন্ন করা হবে।

১৪। মালামাল পরিদর্শনে কোন ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারী উহা নিজ দায়িত্বে এবং খরচে ১৫ দিনের মধ্যে বদল করে দিতে বাধ্য থাকবে।

১৫। চুক্তিকৃত মালামাল গ্রহণের পূর্বে প্রয়োজনবোধে ল্যাব টেষ্ট করানো হবে। ল্যাব টেষ্টের জন্য প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত দ্রব্য সরবরাহকারীকে সরবরাহ করতে হবে।

১৬। সরবরাহকারী নির্ধারিত সময়সীমার মধ্যে দ্রব্য সরবরাহে ব্যর্থ হলে বিমান বাহিনীর সিদ্ধান্ত সাপেক্ষে চুক্তি বাতিল করা যেতে পারে।

১৭। বিমান সদর কোন কারণ দর্শানো ব্যাতিরেকে দ্রব্যের পরিমাণ হ্রাস করতে পারবে।

১৮। অফারের মেয়াদ কমপক্ষে ০৬ (ছয়) মাস হতে হবে।

২৯ । আংশিক সরবরাহ ও আংশিক মূল্য পরিশোধ গ্রহণযোগ্য তবে ০২ বারের অধিক নহে।

২০। <u>মূল্য পরিশোধের শর্ত</u>। **বিমান বাহিনী কর্তৃক প্রদত্ত সরবরাহ তফসিল মোতাবেক প্রতি চালানের বিপরীতে ১০০% মালামাল সন্তোষজনকভাবে গৃহীত হওয়ার পর এবং ২০১ রই, বা বি বা হতে সি আর ভি প্রাপ্তি সাপেক্ষে ডিজিডিপিতে মূল্য পরিশোধের নিমিত্তে বিল দাখিল করতে হবে এবং ডিজিডিপির অনুমোদন সাপেক্ষে বিমান বাহিনীর সংশ্লিষ্ট বাজেট কোড হতে এস এফ সি (ডি পি), ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।**

২১। দ্রব্যের মূল্যের সাথে ভ্যাট (VAT) ও অন্যান্য খরচ একত্রে করে দ্রব্যের একক মূল্য উল্লেখ করতে হবে। ভ্যাট (VAT) ও অন্যান্য খরচ আলাদাভাবে উল্লেখ করা যাবে না।

২২। অন্যান্য শর্তাবলী ডিজিডিপির প্রচলিত বিধি মোতাবেক হবে।